# নতুন রাষ্ট্রপতি নির্বাচনের সিদ্ধান্ত নেবে বিএনপির সর্বোচ্চ ফোরাম: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দেশের পরবর্তী রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির অবস্থান ও প্রার্থী নির্ধারণের বিষয়টি দলের সর্বোচ্চ নীতিনির্ধারণী পর্যায় থেকে চূড়ান্ত করা হবে বলে জানিয়েছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী।

রোববার (২৫ জুলাই) সকালে রাজধানীতে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ মন্তব্য করেন। এদিন সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্থা, বোর্ড ও করপোরেশনের শীর্ষ পদে চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়া বিএনপির ১২ নেতা জিয়ার সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান।

সদ্য পদত্যাগ করা রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদ ছাড়ার বিষয়ে প্রশ্ন করা হলে রিজভী বলেন, ব্যক্তিগত অসুস্থতার কারণ ছাড়া অন্য কোনো কারণ সম্পর্কে তার কাছে কোনো তথ্য নেই।

LENS ASIA

এ সময় তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান তরুণ নেতৃত্বকে সামনে আনার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তা বাস্তবায়নের ধারাবাহিকতা ইতোমধ্যে শুরু হয়েছে। বিশেষ করে রাজপথের আন্দোলনে সক্রিয় ভূমিকা পালনকারী নেতাদের মূল্যায়নের মাধ্যমে সেই অঙ্গীকারের প্রতিফলন দেখা যাচ্ছে বলেও মন্তব্য করেন বিএনপির এই নেতা।